



भारतीय रिज़र्व बैंक
RESERVE BANK OF INDIA
www.rbi.org.in

RBI/2016-17/170

DPSS.CO.PD No.1421/02.14.003/2016-17

ডিসেম্বর ০২, ২০১৬

চেয়ারম্যান এবং প্রাবন্ধিক নির্দেশক/ মুখ্য কার্যনির্বাহী আধিকারিক

আরআরবি সহ সকল তপশিলভুক্ত বাণিজ্যিক ব্যাঙ্ক/ শহরাঞ্চলিক সমবায় ব্যাঙ্ক/ রাজ্য সমবায় ব্যাঙ্ক/ জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক/ প্রাধিকৃত কার্ড পেমেন্ট নেটওয়ার্ক/ হোয়াইট লেবেল এটিএম অপারেটর/ পেমেন্ট ব্যাঙ্ক/ স্মল ফিন্যান্স ব্যাঙ্ক

মাননীয় মহাশয়া/ মহাশয়,

কার্ড দাখিল লেনদেনের জন্য আধার-নির্ভর প্রামাণ্যস্বীকৃতি

আমাদের **সেপ্টেম্বর ২৯, ২০১৬ তারিখাঙ্কিত সারকুলার DPSS.CO.PD.No.892/02.14.003/2016-17** দেখুন, যেখানে ব্যাঙ্কসমূহকে বলা হয়েছে এই বিষয়টি নিশ্চিত করতে যাতে জানুয়ারি ১, ২০১৭ থেকে কার্যকরী রূপে প্রযুক্ত হওয়া সকল নতুন কার্ড-দাখিল গ্রহণ পরিকাঠামোগুলিকে(কার্ড প্রেজেন্ট অ্যাকসেসপট্যান্স ইনফ্রাস্ট্রাকচার) আধার-নির্ভর বায়োমেট্রিক প্রামাণ্যস্বীকৃতি পদ্ধতি ব্যবহার করেও অর্থপ্রদান সম্পর্কিত লেনদেন প্রক্রিয়া চালাবার জন্য সক্ষম করে তোলা হয়।

২. আমাদের দৃষ্টিগোচরে আনা হয়েছে যে আধার ব্যবহারে সক্ষম করা কলকজার চাহিদা এবং যোগানের অসামঞ্জস্যের কারণে গ্রহণ পরিকাঠামো প্রযুক্ত করার হার শ্লথ হয়ে গেছে। একারণে, পর্যালোচনার পর, আধার ব্যবহারে সক্ষম করা কলকজা প্রয়োগের মেয়াদকাল জুন ৩০, ২০১৭ পর্যন্ত বর্ধিত করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। যদিও, উপরোক্ত নির্দেশবিধির অনুপালনের জন্য যা দরকার তা নিশ্চিত করতে ব্যাঙ্কসমূহ প্রয়োজনীয় ব্যবস্থাপনা অব্যাহত রাখবে যার মধ্যে অন্তর্ভুক্ত থাকবে এইসব পরিবর্তনসমূহ যেমন হস্ট-প্রান্ত, নেটওয়ার্ক স্তর এবং কলকজার প্রস্তুতি।

৩. অধিকন্তু, স্পষ্টীকরণ করা হচ্ছে যে **সেপ্টেম্বর ২৯, ২০১৬ তারিখাঙ্কিত সারকুলার**-এর অন্তর্গত নির্দেশবিধিগুলি সকল নতুন কার্ড গ্রহণ পরিকাঠামোগুলিকে প্রযুক্ত করার জন্য নির্ধারিত বিদ্যমান কার্ড গ্রহণ পরিকাঠামোগুলিকে আধার-নির্ভর বায়োমেট্রিক প্রামাণ্যস্বীকৃতি পদ্ধতি ব্যবহার করে অর্থপ্রদান সম্পর্কিত লেনদেনকার্যের প্রক্রিয়াকরণে সক্ষম করে তোলার বিষয়ে মেয়াদকাল যথাসময়ে বলা হবে।

৪. পেমেন্ট অ্যান্ড সেটেলমেন্ট সিস্টেমস অ্যাক্ট ২০০৭ (২০০৭-এর অ্যাক্ট ৫১)-এর ধারা ১০(২) তৎসহ পঠিত ধারা ১৪-এর অধীনে এই আদেশবিধিটি জারি করা হল।

৫. অনুগ্রহ করে এই সারকুলারটির প্রাপ্তিস্বীকার করুন।

আপনার বিশ্বস্ত,

(নন্দা এস. দাভে)

মুখ্য মহা প্রবন্ধক